



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৪৪/৭৫৭১৬

তারিখঃ ১২.০৯.২০১৭খ্রিঃ

বিষয়ঃ সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৪৪/৩১৬/৩; তারিখঃ ২৮/০৩/২০১৭খ্রিঃ
২) স্মারক নং- ০৫.৫৫২৭৬৪.০০০.০০.০০০.১৭-১৮৩৫; তারিখঃ ০৬ আগষ্ট ২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার সদর উপজেলাধীন ঝানজিরা আলিম মাদ্রাসার অধ্যক্ষের বিরুদ্ধে উক্ত মাদ্রাসার অফিস সহকারী জনাব মোঃ আব্দুল হামিদকে একই দিনে ০৩ (তিন)টি কারণ দর্শানো নোটিশ, সাময়িক বরখাস্তের পত্র দেয়া এবং হাজিরা খাতায় স্বাক্ষর করতে না দেয়াসহ ষড়যন্ত্রমূলকভাবে চাকুরিচ্যুত করার অপচেষ্টায় লিপ্ত আছেন মর্মে অফিস সহকারী জনাব মোঃ আব্দুল হামিদ একখানা অভিযোগপত্র অত্র বোর্ডে দাখিল করেন।

অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, দিনাজপুরকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, সদর, দিনাজপুর তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন পূর্বক সূত্রোক্ত ২নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ঝানজিরা আলিম মাদ্রাসার অফিস সহকারী জনাব মোঃ আব্দুল হামিদকে মাদ্রাসার এডহক কমিটি কর্তৃক সাময়িক বরখাস্তের আদেশটি যথাযথ প্রক্রিয়া অনুসরণ পূর্বক করা হয়নি বিধায় তাঁর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার পূর্বক অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চালু রাখা যেতে পারে মর্মে মন্তব্য অংশে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় কেন অফিস সহকারী জনাব মোঃ আব্দুল হামিদ এর সাময়িক বরখাস্তের আদেশটি যথাযথ প্রক্রিয়ায় অনুসরণ পূর্বক করা হয়নি সে বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ, ঝানজিরা আলিম মাদ্রাসা, সদর, দিনাজপুর।

নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৪৪/৭৫৭১৬

তারিখঃ ১২.০৯.২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, দিনাজপুর।
২. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, দিনাজপুর।
৪. সভাপতি, ঝানজিরা আলিম মাদ্রাসা, সদর, দিনাজপুর।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪